

নম্বর- ৪৬.১২.০০০০.০০৩.০৭.০২২.২৩. ১৩১২ (৫৩)



তারিখ : ১১ আষাঢ়, ১৪৩১
২৩ জুন, ২০২৪

৭ম পরিষদের বিশেষ সাধারণ সভার (এ্যাসেসমেন্ট) নোটিশ

রাজশাহী সিটি কর্পোরেশনের ৭ম পরিষদের বিশেষ সাধারণ সভা (এ্যাসেসমেন্ট) মাননীয় মেয়র এর অভিপ্রায় অনুযায়ী আগামী ২০ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন, ২০২৪ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় "সিটি হল" সভাকক্ষে (এ্যানেত্র ভবন) নিম্নলিখিত এজেন্ডার (আলোচ্যসূচি) ভিত্তিতে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিতি ও অংশগ্রহণের জন্য সম্মানিত সদস্যবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত সভার এজেন্ডাসমূহ :

- ০১। পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট ২০২৪-২০২৫ অর্থ বছরের বেসরকারী হোল্ডিংসমূহের ভাড়ার রেইট নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০২। পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট ২০২৪-২০২৫ অর্থ বছরের সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত ও প্রাতিষ্ঠানিক হোল্ডিংসমূহের ভাড়ার রেইট নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০৩। Tech Rajshahi কর্তৃক স্ব-উদ্যোগে ও স্বেচ্ছায় নির্মিত Holding Assessment & Holding Tax Management Software টিতে পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট ২০২৪-২০২৫ অর্থ বছরের এর ডাটাএন্ট্রির জন্য Tech Rajshahi এর সাথে রাজশাহী সিটি কর্পোরেশন এর MOU এর বিষয়ে অবহিতকরণ ও সম্মতি গ্রহণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০৪। বিবিধ।


এ.এইচ.এম খায়রুজ্জামান (সিটন)
মেয়র
রাজশাহী সিটি কর্পোরেশন


বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। সম্মানিত কাউন্সিলর, সাধারণ/সংরক্ষিত আসন, ওয়ার্ড/জোন নং-----, রাসিক।
- ০২। নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), রাজশাহী সিটি কর্পোরেশন। (উক্ত সভা চলাকালীন বিদ্যুৎ সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ০৩। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), রাজশাহী সিটি কর্পোরেশন। (সম্মানিত কাউন্সিলরবৃন্দের যাতায়াতের জন্য প্রয়োজনীয় সংখ্যক যানবাহনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ✓ ০৪। এমআইএস পার্সোনেল, আইসিটি শাখা, রাজশাহী সিটি কর্পোরেশন (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশসহ সাধারণ সভার পাওয়ার পয়েন্ট প্রস্তুত করণের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০৫। জনসংযোগ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
- ০৬। ম্যানেজার, ইভেন্ট ম্যানেজমেন্ট ও ট্যুরিজম শাখা, রাজশাহী সিটি কর্পোরেশন (হল ক্রমের সাজ-সজ্জা করার জন্য নির্দেশনা দেয়া হলো)।
- ০৭। মাননীয় মেয়র মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

- ০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয়
ঋণগ্রহণের জন্য)।
- ০৯। বিভাগীয় প্রধানগণের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (বিভাগীয় প্রধান এর
সদয় জ্ঞাতার্থে)
- ১০। অফিস নথি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, রাজশাহী।

